

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫০৫৯

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৮. দিতীয় অনুচ্ছেদ - আত্মসংযম ও কাজে ধীরস্থিরতা

### আরবী

وَعَن عبد الله بن جرجس أَنَّ النَّبِيَّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسلَّمَ قَالَ: «السَّمْتُ الْحَسَنُ وَعَن عبد الله بن جرجس أَنَّ النَّبِيَّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسلَّمَ قَالَ: «السَّمْتُ الْحَسَنُ وَالتُّوَّدَةُ وَالِاقْتِصادُ جُزْءُ مِنْ أَرْبَعِ وَعشْرين جُزْءا من النُّبُوَّة». رَوَاهُ التِّرْمِذِي

#### বাংলা

৫০৫৯-[৭] 'আবদুল্লাহ ইবনু সারজিস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ উত্তম চাল-চলন, ধীরস্থির পদক্ষেপ এবং মধ্যম পস্থা অবলম্বন নুবুওয়াতের চব্বিশ ভাগের এক ভাগ। (তিরমিযী)[1]

## ফুটনোট

[1] হাসান : তিরমিয়ী ২০১০, সহীহ আত্ তারগীব ১৬৯৬।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (السَّمْتُ الْحَسَنُ) অর্থাৎ পছন্দনীয় বা সন্তোষজনক চাল-চলন ও উত্তম পথ-পদ্ধতি। এ ছাড়াও السَّمْتُ শব্দের অর্থ রাস্তা, পথ। এখানে السَّمْتُ पाषाता সৎলোকদের পদাঙ্কের প্রতি ইঙ্গিত করা হয়েছে। এছাড়াও السَّمْتُ भक्ष षाता কোন রীতিনীতিকে আঁকড়ে ধরা বুঝায়।

وَالتُّوَّدَةُ وَالِاقْتِصَادُ) বলা হয় সকল কাজে ধীরস্থিরতা অবলম্বন করাকে। আর وَالتُّوَّدَةُ وَالِاقْتِصَادُ) অবম্বন করা। আর সংকোচন ও অতিরঞ্জন বা সীমালজ্ঘন থেকে বিরত থাকা।

ইমাম তূরিবিশতী (রহিমাহ্লাহ) বলেনঃ মধ্যপন্থা দুই প্রকারের : প্রথমটি হল- যেটি প্রশংসনীয় ও নিন্দনীয় এর মাঝামাঝি হয়। যেমন- অত্যাচার ও ন্যায় এবং কৃপণতা ও দানের মাঝামাঝি। আর আমি এই প্রকারটি নিয়েছি মহান আল্লাহর কথা দ্বারা-.." وَمِنْهُمْ مُقْتَصِدٌ ...."- (সূরাহ্ ফাত্বির ৩৫ : ৩২)।



আর দ্বিতীয় প্রকারটি হলো : সাধারণভাবে প্রশংসনীয় হওয়া বুঝায়। এর দু'টি দিক আছে- সংকোচন ও অতিরঞ্জন জ্ঞান বা সীমালজ্ঘন। যেমন দান করা। নিশ্চয় এটা অপব্যয় ও কৃপণতার মাঝামাঝি। বীরত্ব এটাও ভীতু ও কাপুরুষতার মাঝামাঝি। আর হাদীসটিতে মধ্যপন্থা বলতে সাধারণভাবে প্রশংসনীয় এই প্রকারটিকে বুঝানো হয়েছে।

من النُّبُوَّة) অর্থাৎ নুবুওয়াতের অনেক অংশের মধ্য থেকে এটাও একটা অংশ।

ইমাম খণ্ডাবী (রহিমাহুল্লাহ) বলেনঃ বিশ্বিত্র হলো চলার পথ। আর পুর্বাহলো যাবতীয় কাজ-কর্মে মধ্যম পন্থায় সমাধানের চেষ্টায় রত থাকা, যাতে করে কাজিটির উপর স্থির থাকা সম্ভব হয়। 'নুবুওয়াতের অংশ' এ কথাটি দ্বারা তিনি ইচ্ছা করেছেন বা বুঝতে চেয়েছেন, এসব উত্তম চরিত্র বৈশিষ্ট্য আম্বিয়া কিরামের চরিত্র ও বৈশিষ্ট্যের অন্তর্ভুক্ত। আর এটা তাদের মর্যাদার অংশবিশেষ। সুতরাং তোমরা এর অনুসরণ কর এবং এসব উত্তম চরিত্র অর্জনে নবীগণের অনুসরণ কর। এর অর্থ এই নয় যে, নুবুওয়াত একটি বিভাজ্য বস্তু, আর যার মধ্যে এসব চরিত্র পাওয়া যাবে, সেই ব্যক্তি নবী হয়ে যাবে; বরং নুবুওয়াত একটি বিশী দান, মহান আল্লাহ যাকে ইচ্ছা এ পদমর্যাদা দান করেন। কেউ নিজ ইচ্ছায় বা নিজ চেষ্টা-সাধনা দ্বারা নবী হতে পারে না। কিংবা এর অর্থ এসব চরিত্র বৈশিষ্ট্য সেই মহৎ গুণের অন্তর্ভুক্ত, যা শিক্ষাদানের জন্য নবী-রসূলগণ এ দুনিয়ায় প্রেরিত হয়েছিলেন। অথবা এর অর্থ যে ব্যক্তির মাঝে এর গুণাবলীসমূহ একত্রিত হয়েছে মানুষ তাকে সম্মান-মর্যাদা প্রদান করে। আর মহান আল্লাহ তাকে এমন তাকওয়ার পোশাক পরিধান করান যা তিনি তার নবীদেরকে পরিধান করিয়েছিলেন, আর এটা যেন নুবুওয়াতেরই অংশবিশেষ। (তুহফাতুল আহওয়াযী মে খড, হাঃ ২০১০; মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু সারজিস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন